

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
ইউপি-২ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.lgd.gov.bd

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

স্মারক নং-৪৬.০০.০০০০.০১৮.০২.০০১.১৭(অংশ-১)- ৬৯৯

তারিখ : ১৮ আষাঢ় ১৪৩০
০২ জুলাই ২০২৩

বিষয়ঃ ২০২৩-২৪ অর্থবছরে ইউনিয়ন পরিষদ সচিব, হিসাব সহকারী-কাম-কম্পিউটার অপারেটর ও গ্রামপুলিশগণের বেতন-ভাতা, উৎসব ভাতা, আনুতোষিক ভাতা, পোষাক এবং ইউপি চেয়ারম্যান ও সদস্যগণের সম্মানীভাতার চাহিদাপত্র প্রেরণ সংক্রান্ত।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, স্থানীয় সরকার বিভাগ হতে ইউনিয়ন পরিষদ সচিব, হিসাব সহকারী-কাম-কম্পিউটার অপারেটর ও গ্রামপুলিশগণের বেতন-ভাতা, উৎসব ভাতা, আনুতোষিক ভাতা, পোষাক এবং ইউপি চেয়ারম্যান ও সদস্যগণের সম্মানীভাতার অর্থ ছাড় করা হয়। জেলা প্রশাসকগণের নিকট হতে নির্দিষ্ট সময়ের মধ্যে চাহিদা পাওয়া না গেলে অর্থ বরাদ্দ প্রদানের ক্ষেত্রে জটিলতা সৃষ্টির সম্ভাবনা রয়েছে।

০২। এমতাবস্থায়, ২০২৩-২৪ অর্থবছরে ইউনিয়ন পরিষদ সচিব, হিসাব সহকারী-কাম-কম্পিউটার অপারেটর ও গ্রামপুলিশগণের বেতন-ভাতা, উৎসব ভাতা, আনুতোষিক ভাতা, পোষাক এবং ইউপি চেয়ারম্যান ও সদস্যগণের সম্মানীভাতার প্রকৃত চাহিদা নিম্নোক্ত ছক মোতাবেক আগামী ১৫/০৭/২০২৩ তারিখের মধ্যে ডাক ও ই-মেইল যোগে (lgup2@lgd.gov.bd) আবশ্যিকভাবে প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

‘ছক-১’

জেলার নাম	ইউনিয়ন পরিষদের সংখ্যা	ইউপি সচিব ও হিসাব সহকারী-কাম-কম্পিউটার অপারেটর এর বেতন (সরকারি অংশ)	ইউপি সচিব ও হিসাব সহকারী-কাম-কম্পিউটার অপারেটর এর উৎসব ভাতা (সরকারি অংশ)	ইউপি সচিব ও হিসাব সহকারী-কাম-কম্পিউটার অপারেটর এর আনুতোষিক (সরকারি অংশ)	ইউপি চেয়ারম্যানের সম্মানীভাতা (সরকারি অংশ)	ইউপি সদস্যগণের সম্মানীভাতা (সরকারি অংশ)	মন্তব্য
১	২	৩	৪	৫	৬	৭	৮

‘ছক-২’

জেলার নাম	ইউনিয়ন পরিষদের সংখ্যা	গ্রামপুলিশগণের বেতন (সরকারি অংশ)	গ্রামপুলিশগণের উৎসব ভাতা (সরকারি অংশ)	গ্রামপুলিশগণের অবসর ভাতা (সরকারি অংশ)	গ্রামপুলিশগণের পোষাক বাবদ বরাদ্দ	মন্তব্য
১	২	৩	৪	৫	৬	৭

(মোহাম্মদ সাঈদ-উর-রহমান)

উপসচিব

ফোন : ৯৫১৪১৯০

lgup2@lgd.gov.bd

জেলা প্রশাসক

----- সকল।

অনুলিপি (সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে) (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। অফিস কপি।